



## মধ্যপ্রাচ্যের যুদ্ধ পরিস্থিতিতে অনিশ্চয়তায় প্রবাসী শ্রমবাজার



সংগৃহীত ছবি

ইরানকে ঘিরে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের চলমান সংঘাতের কারণে মধ্যপ্রাচ্যের শ্রমবাজারে অনিশ্চয়তা দেখা দিয়েছে। এসব দেশে বিপুলসংখ্যক বাংলাদেশি কর্মী কাজ করায় পরিস্থিতি নিয়ে উদ্বেগ বাড়ছে।

সরকারি তথ্য অনুযায়ী, মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে প্রায় ৬৫ থেকে ৭০ লাখ বাংলাদেশি কর্মরত। এর মধ্যে গত বছর সৌদি আরবেই প্রায় ৬৭ শতাংশ নতুন কর্মসংস্থান হয়েছে। তবে যুদ্ধ দীর্ঘস্থায়ী হলে নতুন কর্মসংস্থান কমে যাওয়া এবং অনেক কর্মীর চাকরি ঝুঁকিতে পড়ার আশঙ্কা করছেন বিশ্লেষকরা।

বিশেষজ্ঞরা বলছেন, বর্তমান পরিস্থিতি নতুন কর্মীদের বিদেশ যাত্রা বিলম্বিত করতে পারে। একই সঙ্গে সেখানে কর্মরতদের নিরাপত্তা ও কর্মস্থল নিয়েও অনিশ্চয়তা তৈরি হতে পারে। তাই মধ্যপ্রাচ্যের বাইরে অন্যান্য দেশেও শ্রমবাজার সম্প্রসারণের ওপর জোর দেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

এদিকে যুদ্ধের কারণে অনেক প্রবাসী কর্মী নিরাপত্তা ঝুঁকিতে রয়েছেন। তাদের জন্য জরুরি আশ্রয়, খাদ্য সহায়তা এবং প্রয়োজনে নিরাপদ স্থানে স্থানান্তরের ব্যবস্থা করার আহ্বান জানিয়েছেন সংশ্লিষ্টরা।

প্রবাসী কল্যাণমন্ত্রী জানিয়েছেন, বিদেশে থাকা বাংলাদেশি কর্মীদের নিরাপত্তা নিশ্চিত করতে দূতাবাসগুলোকে প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হয়েছে। প্রয়োজনে আশ্রয়, খাদ্য সহায়তা এবং ভিসা বা ছুটির মেয়াদ বাড়ানোর বিষয়েও সংশ্লিষ্ট দেশগুলোর সঙ্গে যোগাযোগ করা হচ্ছে।